আপনার মতামত দিন ... ভোট দিন !

ভোট কেন দিবেন ?
এটি আপনার অধিকার,
আপনার মতামত,
আপনার ভবিষ্যত।

ভোট দিতে হলে ঃ

- আপনাকে অবশ্যই কানাডার নাগরিক,
- ভোটের দিন ১৮ বছর বয়স্ক হতে হবে,
- আপনার পরিচয় এবং ঠিকানা প্রমান করতে হবে।

ভোট কেন দিবেন ?

ভোট গণতন্েত্রর কার্যকরিতা প্রকাশ করে। এ প্রকৃয়ার মাধ্যমে কানাডার সংসদে আপনি আপনার পছন্দের প্রতিনিধিকে নির্বাচিত করবেন। এই প্রকৃয়ায় আপনি আপনার একটি গণতান্ত্রিক অধিকার চর্চা করেন।

নির্বাচন কি?

নির্বাচনে, আপনি আপনার এলাকার এক প্রার্থীকে ভোট দিবেন। সবচে বেশি সংখ্যক ভোট প্রাপ্ত প্রার্থী নির্বাচিত হয় এবং তারপর সংসদ সদস্য হয়। সবচে বেশী নির্বাচিত প্রার্থী সমন্বিত রাজনৈতিক দল সরকার গঠন করে।

যেসব শব্দ আপনার জানা দরকার

ইলেকশন্স কানাডা, ফেডেরাল নির্বাচন পরিচালনা করার জন্য সংসদ দ্বারা গঠিত একটি স্বতন্ত্র সংস্থা।

ইলেকটর, একজন ১৮ বছর কিংবা ততোর্ধ বয়স্ক কানাডিয়ান নাগরিক। ইলেকটর একজন ব্যক্তি যার ভোটের অধিকার আছে এবং একজন ভোটার হিসেবেও পরিচিত।

প্রার্থীরা হছেন ব্যক্তিবর্গ যারা নির্বাচিত হতে চায়।

ভোটার তালিকা যেসব ইলেকটররা ভোটের জন্য নিবন্ধিত তাদের নাম প্রকাশ করে।

আপনি আপনার **ভোটার ইনফরমেশন কার্ড** ডাকযোগে পান। এটি নিশ্চিত করে যে আপনার নাম ভোটার লিস্টে আছে এবং আপনাকে বলে কোথায় এবং কখন ভোট দিতে হবে।

পোলিং স্টেশন হছে যেখানে আপনি ভোট দিতে যান।

ব্যালট হছে সেই কাগজটি যেখানে আপনি ভোট দিন। এই কাগজে আপনার এলাকার সব প্রার্থীদের নাম থাকে।

ডেপুটি রিটার্নিং অফিসার হচেছ সেই ব্যক্তি যে আপনাকে ব্যালট পেপার দেয়।

পোল ক্লার্ক হচেছ সেই ব্যক্তি যে ভোট দেয়ার পরে আপনার নাম ভোটার লিস্ট থেকে কেটে দেয়।

ভোটিং স্ক্রীন হচেছ সেই ব্যক্তিগত জায়গা যে খানে আপনি আপনার ব্যালট মার্ক করেন। কানাডায় গোপন ব্যালটে ভোট নেয়া হয়।

ব্যালট বক্স হচেছ সেই বক্স যেখানে আপনি আপনার সিল মারা ব্যালট রাখেন।

গুরুত্বপূর্ণ ঃ

আপনি যখন ভোট দিবেন আপনাকে অবশ্যই আপনার পরিচয় এবং ঠিকানা প্রমান করতে হবে। এর তিনটি উপায় হলো ঃ

- ছবি, নাম এবং ঠিকানাসহ আপনার পরিচয়পত্রের মূল কপি দেখাতে হবে। এটি অবশ্যই সরকারী সংস্থা হতে ইস্যুকৃত হবে। একটি উদাহরণ হচ্ছে আপনার ড্রাইভিং লাইসেন্স

অথবা

- দুটি স্বাক্ষরিত পরিচয়পত্র দেখাতে হবে। দুটোর মধ্যেই আপনার নাম থাকতে হবে এবং একটিতে আপনার ঠিকানা সহ থাকতে হবে। উদাহরণ হচ্ছে আপনার হেলথ কার্ড এবং আপনার বিদ্যুত বিল। **অথবা**

- একজন ভোটারকে স্বাক্ষী রেখে শপথ গ্রহণ করতে হবে, যেই ভোটারের অবশ্যই স্বাক্ষরিত পরিচয়পত্র আছে এবং যে আপনার সাথে একই নির্বাচিত এলাকায় বসবাস করে। একটি উদাহরণ হচ্ছে আপনার পড়শী অথবা আপনার রুমমেট। একজন ভোটার কেবলমাত্র একজনের জন্য সাক্ষী দিতে পারে। এবং স্বাক্ষী প্রাপ্ত ভোটার অন্য কারো জন্য স্বাক্ষী দিতে পারে না।

স্বাক্ষরিত পরিচয়পত্রের পূর্ণ তালিকার জন্য www.elections.ca দেখুন।

আপনি কি আপনার ভোটার ইনফরমেশন কার্ড পেয়েছেন ?

ভোট দেয়ার জন্য আপনার নাম অবশ্যই **ইলেকশন্স কানাডার ভোটার তালিকায়** থাকতে হবে। যদি আপনার নাম এবং সঠিক ঠিকানা ভোটার তালিকায় থাকে তাহলে ইলেকশন শুরু হওয়ার সাথে সাথে ডাক যোগে আপনার **ভোটার ইনফরমেশন কার্ড** পাবেন। এ কার্ডে দেখান থাকে যে আপনি নিবন্ধিত এবং আপনাকে বলে যে কোথায় এবং কখন ভোট দিতে হবে।

যদি কার্ডে আপনার নাম এবং ঠিকানা **ভুল থাকে** দয়া করে আপনার এলাকাস্থ ইলেকশন্স কানাডা অফিসে যোগাযোগ করুন। প্রয়োজনীয় ফোন নম্বর কার্ডের পেছনে পাওয়া যাবে।

আপনি যদি আপনার ভোটার ইনফরমেশন কার্ড **না পেয়ে থাকেন** তাহলে ইলেকশন্স কানাডাকে ১ ৮০০ ৪৬৩ ৬৮৬৮ এই নম্বরে ফোন করুন। তারা আপনাকে জানাবে কি ভাবে ভোটের জন্য নিবন্ধিত হতে হবে।

উপযুক্ত পরিচয়পত্রসহ ভোটের স্থানেও আপনি নিবন্ধিত হতে পারবেন।

ভোট কিভাবে দিবেন ?

নিম্নলিখিত তিনটি উপায়ের যে কোন একটি উপায়ে আপনি ভোট দিতে পারেন ঃ

নির্বাচনের দিন আপনি সশরীরে ভোট দিতে পারেন

নির্বাচনের দিন আপনি আপনার পোলিং স্টেশনে গিয়ে ভোট দিতে পারেন। আপনার ভোটার ইনফরমেশন কার্ড থেকে আপনি পোলিং স্টেশনের ঠিকানা এবং এটি কখন ভোটের জন্য উন্মুক্ত থাকে তা জানতে পারবেন।

আপনি বিশেষ ব্যালটের মাধ্যমে ভোট দিতে পারেন

আপনি বিশেষ ব্যালট ব্যবহার করে ডাকযোগে অথবা আপনার এলাকাস্থ ইলেকশন্স কানাডা অফিসে ভোট দিতে পারেন। অতিরিক্ত তথ্যের জন্য ইলেকশন্স কানাডায় যোগাযোগ করুন

আপনি অগ্রিম পোলে ভোট দিতে পারেন

ভোটার ইনফরমেশন কার্ড অথবা ইলেকশন্স কানাডা থেকে আপনি অগ্রিম ভোটের জন্য সময় এবং স্থান খুঁজে পাবেন।

পোলিং স্টেশনে ঃ

তথ্য কর্মকর্তা আপনাকে সম্ভাষন জানায় এবং আপনাকে দেখায় কোথায় গিয়ে ভোট দিতে হবে।

টেবিলে দুইজন নির্বাচনী কর্মকর্তা থাকে ঃ ডেপুটি রিটর্নিং অফিসার এবং পোল ক্লার্ক।

ডেপুটি রিটর্নিং অফিসার আপনার পরিচয় এবং ঠিকানার প্রমান দেখতে চায়। আপনার কাছে যদি সঠিক পরিচয়পত্র না থাকে তাহলে আপনি আপনার এলাকার একজন ভোটারকে (যে ইতিমধ্যেই নিবন্ধিত) স্বাক্ষী রাখতে পারেন।

পোল ক্লার্ক নিশ্চিত করে যে আপনার নাম ভোটার লিস্টে আছে। আপনার নাম যদি ভোটার লিস্টে না থাকে তারপরও আপনি নিবন্ধিত হতে পারেন।

পোল ক্লার্ক আপনার নাম ভোটার লিস্ট থেকে কেটে দেয়।

ডেপুটি রিটর্নিং অফিসার আপনাকে একটি ভাজ করা ব্যালট দেয়। ওই ব্যক্তি আপনাকে সাহায্য করতে পারে যদি আপনার ব্যালটে সিল মারতে সমস্যা হয়।

আপনি ভোটিং স্ক্রীনের পিছনে যান যাতে কেউ দেখতে না পারে আপনি কাকে ভোট দিলেন।

আপনার পছন্দের প্রার্থীর পাশের বৃত্তে X চিহ্নিত করুন।

আপনার ব্যালটটি ভাজ করুন যাতে আপনার ভোট গোপনীয় থাকে।

আপনার ভাজ করা ব্যালটটি ডেপুটি রিটার্নিং অফিসারের কাছে নিয়ে যান। }ান ট্যাবটি ছিড়ে, ফেলেন।

ডেপুটি রিটার্নিং অফিসার আপনাকে আপনার ব্যালট ফেরত দেয় এবং আপনি তা ব্যালট বক্সে ফেলে দেন।

এই তথ্যাবলী আদিবাসীসহ এবং বিভিন্ন যাতীয় ভাষায়ও পাওয়া যায়।

আরো তথ্যের জন্য ঃ
www.elections.ca
1-800-463-6868

TTY 1-800-361-8935 বধির অথবা কানে কম শোনা ব্যাক্তির জন্য।

EC 90247 (08/09)

Elections Canada